

# জৈনিক সংবাদ

২২

৬

## বহুস্পতিবার পরীক্ষা শুরু এইচএসসিতে নকল বঙ্গে প্রস্তুতিমূলক বৈঠক

নিজর রাতা পরিবেশক : আগামী বহুস্পতিবার থেকে সারাদেশে এইচএসসি পরীক্ষা শুরু হচ্ছে। নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত করতে সরকার এবার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছে। এই লক্ষ্যে সোমবার ঢাকা জেলা প্রশাসকের বার্ষিকে এক শীতা অনুষ্ঠিত হয়।

ঢাকা জেলা প্রশাসকের সদ্বেলন কক্ষে জেলা প্রশাসক, ব্যারিস্টার মুহায়াদ আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত হিলেন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার চেয়ারম্যান অধ্যাপক মুহায়াদ জুনাইদ। এছাড়াও সভায় ঢাকার বিভিন্ন কলেজের অধ্যক্ষবৃন্দ, উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ, জেলা প্রশাসন ও পুলিশ বিভাগের সংস্থাটি কর্মকর্তাবৃন্দ উপস্থিত হিলেন।

সভায় ঢাকা জেলা প্রশাসক জানান, আসন্ন এইচএসসি পরীক্ষা সৃষ্টি ও নকলমুক্ত পরিবেশে সম্পন্ন করার জন্য সকল প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ কেন্দ্রগুলোতে যাজিস্টেট নিয়োগ করা হয়েছে। এ ব্যাপারে তিনি সম্পৃষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক জুনাইদ জানান, নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের জন্য বোর্ডের পক্ষ থেকে ব্যাপক প্রস্তুতি দেয়া হয়েছে।